“নিশ্চয় আল্লাহ তা‘আলা বান্দার তওবাহ সে পর্যন্ত কবুল করবেন, যে পর্যন্ত তার প্রাণ কণ্ঠাগত না হয়।”

আব্দুল্লাহ বিন ওমার রাদিয়াল্লাহু আনহু হতে মারফু হিসেবে বর্ণিত, “নিশ্চয় আল্লাহ তা‘আলা বান্দার তওবাহ সে পর্যন্ত কবুল করবেন, যে পর্যন্ত তার প্রাণ কণ্ঠাগত না হয়।” [হাসান] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

আল্লাহ তাআলা বান্দার রূহ গলায় না পৌঁছা পর্যন্ততার তাওবা কবুল করেন। রূহ যখন গলায় পৌঁছে যায় তখন কোনো তাওবা নেই। কারণ আল্লাহ তাআলা বলেন, “আর তাওবা নাই তাদের, যারা অন্যায় কাজ করতে থাকে এমনকি যখন তাদের কারো মৃত্যু এসে যায়, তখন বলে, আমি এখন তাওবা করলাম।” [সূরা আন-নিসা, আয়াত: ১৮]

http://sunnah.global/hadeeth/bn/show/4315